

প্রজ্ঞাপন

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৬ মার্চ ২০১৪ তারিখের এস.আরও নম্বর ৩৪-আইন/২০১৪ এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৫ অক্টোবর ২০২০ তারিখের ৮০.১০৬.০১২.১২.০০.০৪৭.২০২০.১১০ সংখ্যক প্রজ্ঞাপনে প্রদত্ত সুপারিশ অনুসারে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের পদোন্নতির কোটায় নিম্নে বর্ণিত ছক অনুসারে ৩(তিন)জন কর্মচারীকে প্রশাসনিক কর্মকর্তার শূন্য পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫-এর ১০ম গ্রেডের ১৬,০০০-৩৮,৬৪০/- টাকা বেতনক্রমে অস্থায়ীভিত্তিতে নিম্নে উল্লিখিত শর্তাবলী পরিপালন সাপেক্ষে পদোন্নতি প্রদান করা হলো:

ক্রমিক	নাম ও বর্তমান পদবি	পদোন্নতিপ্রাপ্ত পদের নাম	স্থায়ী/অস্থায়ী পদের বিপরীতে
১	জনাব মোঃ জহিরুল ইসলাম, ডাটা এন্ড্রি অপারেটর	প্রশাসনিক কর্মকর্তা	অস্থায়ী পদের বিপরীতে
২	জনাব মোঃ ইয়াকুব আলী, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	প্রশাসনিক কর্মকর্তা	অস্থায়ী পদের বিপরীতে
৩	জনাব আরফাতুল্লাহ, সীটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর	প্রশাসনিক কর্মকর্তা	অস্থায়ী পদের বিপরীতে

শর্তাবলী:

- (ক) কর্মকর্তাদের চাকরি স্থায়ীকরণের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি অনুসারে পদ তিনটি স্থায়ী হতে হবে;
- (খ) পদোন্নতিপ্রাপ্ত সকল কর্মকর্তাগণ “বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪-এর ৬(১)(খ) বিধি অনুসারে ০১(এক) বছর শিক্ষানবিশ হিসাবে কাজ করবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এ শিক্ষানবিশকাল প্রচলিত নিয়োগ বিধিমালা অনুযায়ী বৃদ্ধি করতে পারবেন;
- (গ) পদোন্নতিপ্রাপ্ত সকল কর্মকর্তার শিক্ষানবিশির মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ হওয়া এবং নিয়োগ বিধিমালায় বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁদের চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে; এবং
- (ঘ) শিক্ষানবিশ থাকাকালে তাঁদের আচরণ এবং কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা না থাকলে কর্তৃপক্ষ তাঁদেরকে পূর্বতন পদে প্রত্যাবর্তন (revert) করতে পারবেন।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
১৫/১০/২০২০

(ফারাহ শাম্মী)
যুগ্মসচিব (অধিশাখা-৩)
ফোন: ৯১১৩৩১৯

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭;
- ৩। সচিবের একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ৪। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা
(প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
- ৫। সিস্টেম অ্যানালিস্ট, আইসিটি সেল, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা [প্রজ্ঞাপনটি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ];
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, এইচবিএফসি ভবন, ২২ পুরানা পল্টন, ঢাকা;
- ৭। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব কোষ, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ৮। অতিরিক্ত সচিব (অনুবিভাগ-১)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ৯। যুগ্মসচিব (অধিশাখা-৩)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ১০। জনাব মোঃ জহিরুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ১১। জনাব মোঃ ইয়াকুব আলী, প্রশাসনিক কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা; এবং
- ১২। জনাব আরফাতুল্লাহ, প্রশাসনিক কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

(আফরোজা আক্তার চৌধুরী)
উপসচিব (ডি-১১ অধিশাখা)